গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ফরিদপুর,পাবনা।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## উপজেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর,পাবনা'র জুন'২০২৩ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | | | |
|---|---|---|---|
| ১.১ | উপদেষ্টা | ঃ | জনাব আলহাজ্ব মোঃ মকবুল হোসেন<br>মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা-৩ |
| ১.২ | সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম হোসেন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর,পাবনা |
| ১.৩ | স্থান | ঃ | উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা'র সভাকক্ষ |
| ১.৪ | তারিখ | ঃ | ২৬.৬.২০২৩ খ্রিঃ |
| ১.৫ | সময় | ঃ | দুপুর ১১ - ০০ ঘটিকা |
| ১.৬ | সভার উপস্থিতি | ঃ | উপস্থিত বিভাগীয় প্রধান "পরিশিষ্ট-ক" |

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর,পাবনা
০২ জনাব মোঃ নুরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০৩ জনাব মোছাঃ নাসরিন পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০৪ জনাব মোঃ জাহিদুল ইসলাম,চেয়ারম্যান, বৃলাহিড়ীবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর,পাবনা
০৫ জনাব মোঃ সাজেদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর,পাবনা
০৬ জনাব মোঃ সরোয়ার হোসেন, চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৭ জনাব মোঃ সেলিম রেজা, চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর,পাবনা
০৮ জনাব মোঃ জিয়াউর রহমান, চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর,পাবনা
০৯ জনাব মোঃ জুয়েল রানা, চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা।

০২ সভার শুরুতে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং গীতা পাঠ করা হয়। অতঃপর বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দূরত্ব বজায় রেখে আসন গ্রহণ করতে অনুরোধ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৩.১ **স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান ইতোমধ্যে স্বাস্থ্য কমপ্লেক্স এর এক্স-রে মেশিন সচল হয়েছে। তিনি আরও জানান হাসপাতালের অভ্যন্তরে দালালদের দৌরাত্ম্য বৃদ্ধি পেয়েছে। দালালদের খপ্পরে পড়ে অনেকে সর্বশান্ত হয়েছে। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভায় অনুরোধ জানান।

৩.২ **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান এবার রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ৬৮৫৫ হেক্টর, এ বছর বোরো চূড়ান্ত আবাদ হয়েছে ৬৮৫৫ হেক্টর, বোরো কর্তন সম্পন্ন হয়েছে। এ বছর বোরো উৎপন্ন হয়েছে ৩১২৪৪.৭৫ মে. টন (চাউলে)। আবহাওয়া অনুকূলে থাকায় এ বছর গড় ফলন ৪.৫৫ মে. টন (চাউলে)। আরডিএডিপি প্রকল্পের আওতায় খাগরবাড়ীয়া নতুন পাড়া হতে ঘেচুয়া গেট পর্যন্ত ১ কিঃ মিঃ রাস্তার ধারে তাল গাছের চারা রোপন সম্পন্ন হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরে খরিপ-২/২০২৩-২০২৪ মৌসুমে রোপা আমন (উফশী) ধানের বীজ ও সার ৭০০ জন এবং রোপা আমন (হাইব্রীড) বীজ ৫০ জন কৃষকের মাঝে কৃষি প্রণোদনা প্যাকেজের আওতায় বিনামূল্যে বিতরণ সম্পন্ন হয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে পাট আবাদ হয়েছে ১১৭৫ হেক্টর, তিল আবাদ হয়েছে ৫১০ হেক্টর, রোপা আউশ আবাদ হয়েছে ৭ হেক্টর, বোনা আমন আবাদ হয়েছে ৩৭৫০ হেক্টর ও রোপা আমনের বীজ তলা প্রস্তুতের কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান ঘেচুয়া স্লুইচ গেট মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিকে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার আরও জানান মাননীয় প্রধানমন্ত্রী তেলজাতীয় শস্য বেশী উৎপাদন করতে পরামর্শ দিয়েছেন। একটি জমিতে কমপক্ষে দু'টি ফসল জন্মাতে হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি জানান আসন্ন বর্ষা মৌসুমে সার্বিক পরিস্থিতি বিবেচনায় গেট খোলা ও বন্ধ রাখার ব্যবস্থা করা হবে। মাঠ পর্যায়ের উপসহকারীগণ সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে পরামর্শ দিচ্ছেন। সার পরিস্থিতি সন্তোষজনক রয়েছে।

চলমান পাতা-২

CamScanner

৩.৩ **প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের জুন'২০২৩ মাসের অন্যান্য কার্যক্রম নিম্নোক্ত ছকের মাধ্যমে তুলে ধরেন।

| গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান | | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা প্রদান | | কৃত্রিম প্রজনন | প্রশিক্ষণ | | রাজস্ব আয় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| গবাদি পশু | হাঁস-মুরগী | গবাদি পশু | হাঁস-মুরগী | | সরকারি | বে-সরকারি | টীকা বীজ | কৃত্রিম প্রজনন |
| ১০৫৪ | ১০৬৬৩ | ৭৮০০ | ৭৩০০০ | ৯৩১ | ১০২১ | ০ | ১৭৪৮০.০০ | ২৭৯৩০.০০ |

* কোরবানি পশু নির্দিষ্ট স্থানে জবাই এবং রক্তসহ সকল বর্জ্য গত করে মাটিতে পুতে ফেলার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান।

* জবাইয়ের পূর্বে পশুকে পর্যাপ্ত পরিমানে পানি পান করানো, ধারালো অস্ত্র দিয়ে জবাই, মাথা ভোঁতা চাকু দিয়ে চামড়া ছাড়ানো, চামড়া ছাড়ানোর সময় যাতে কেটে না যায় এবং চামড়ার গায়ে কোনরুপ মাংস না থাকে সে দিকে খেয়াল রাখতে হবে।

* কোরবানি যোগ্য পশুকে উত্তমরূপে পরিষ্কার করার পর ভালো দড়ি দিয়ে বেঁধে নরম স্থানে ফেলতে হবে যাতে চামড়া থেতলে না যায়।

* আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষে অত্র উপজেলায় (ষাড় ৫৫১৭ টি, বলদ ২০৮৫ টি, মহিষ ৪৩৪ টি, ছাগল ৩৩৫৯৩ টি, ভেড়া ৬৪৮১ টি) বিক্রয়ের জন্য প্রস্তুত রয়েছে। অত্র উপজেলায় মোট হৃষ্টপুষ্ট করণকৃত পশুর সংখ্যা ৪৮১১০ টি, চাহিদা ১৭০২৫ টি এবং উদ্বৃত্ত ৩১০৮৫ টি।

* ঈদ-উল আযহা আসন্ন বিধায় কোরবানীর পশু হৃষ্টপুষ্ট করণে যাতে মানব দেহের জন্য ক্ষতিকর স্টেরয়েড এন্টিবায়োটিক অবৈধভাবে কেউ ব্যবহার করতে না পারে সে বিষয়ে সর্তক থাকার জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান।

* তিনি জানান লাম্পি স্কিন ডিজিজ একটি ভাইরাসজনিত রোগ। এটি মশা, মাছি, উকুন, আঁঠালী ইত্যাদির কামড়ের মাধ্যমে গবাদি পশুর মধ্যে ছড়িয়ে পরে। তাই গবাদি পশুর খামারের চারপাশ সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন এবং জীবানুমুক্ত রাখা ও টিকা প্রদান এবং আক্রান্ত পশুর সুচিকিৎসার জন্য তাঁর দপ্তরে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন।

* সম্মানীত সভাসদগণকে গবাদি পশুকে নিয়মিত কৃমি মুক্তকরণ এবং টিকা প্রদানের জন্য প্রচারণা এবং খামারিদের সচেতনতা বৃদ্ধি করণের কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন।

* অত্র উপজেলা হতে ছাগল-ভেড়ার পিপিআর রোগ নির্মূল এবং গরু/মহিষ/ছাগল/ভেড়ার ক্ষুরা রোগ নিয়ন্ত্রণের জন্য সম্পূর্ণ বিনামূল্যে সকল গবাদি পশুকে টিকাপ্রদান কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

* অত্র উপজেলার প্রাণিসম্পদ সম্পর্কিত যে কোন সমস্যা দেখা দিলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মোবাইল (০১৭১১-০৩৪০৫২) নম্বরে বা অন্য যে কোন মাধ্যমে অবগত করার জন্যও তিনি সভায় অনুরোধ জানান।

৩.৪ **মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.৫ **পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম নিম্নোক্ত ছকের মাধ্যমে তুলে ধরেন ।

| মোট দম্পতি | পদ্ধতি গ্রহণকারী | সিএআর | স্থায়ী পদ্ধতি (জন) | | | আইইউডি (জন) | | | ইমপ্লান্ট (জন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ২৮৩৭৭ | ২১৯২৭ | ৭৭.২৭ | ০৫ | ০১ | ২০ | ১৮ | ২৫ | ১৩৮.৮৮ | ৩০ | ৫৬ | ১৮৬.৬৬% |

| ইনজেকশন (সিওয়াইপি) | | | খাবার বড়ি (সিওয়াইপি) | | | কনডম (সিওয়াইপি) | | | সর্বমোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ৪৩৭ | ৪১২ | ৯৪.২৭% | ৮৯৭ | ৮২১ | ৯১.৫২% | ১৬১ | ১২৬ | ৭৮.২৬% | ১৫৫২ | ১৪৪১ | ৯২.৮৫% |

তিনি আরও জানান ইউনিয়ান স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে প্রায় সার্বক্ষণিক প্রসূতি সেবা চলমান রয়েছে এবং পাঁচটি ইউনিয়নে অবস্থিত পাঁচটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা, মা ও শিশু এবং পরিবার পরিকল্পনা সেবা কেন্দ্রে সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য নিম্নলিখিত হট নম্বরগুলো চালু আছে। যা পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক মনিটরিং করা হয়। তিনি জানান হাদল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কোন কর্মচারী না থাকায় ডেমরা ইউনিয়নের উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসারকে হাদল ইউনিয়নের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। সেবা কেন্দ্রের নাম, কর্মীর নাম ও মোবাইল নম্বর নিম্নে উল্লেখ করা হলো।

চলমান পাতা-৩

CamScanner

| ক্রম নং | ইউনিয়নের নাম | সেবা কেন্দ্রের নাম | সেবা কর্মীর নাম | পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|
| ০১ | বৃলাহিড়ীবাড়ী | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | মোছাঃ রাবিয়া খাতুন | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১৩১৫-৩৯১৮৩৩ |
| ০২ | ডেমরা | মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | মোঃ আইয়ুব আলী | উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার | ০১৩১৭-৩৯১৮৪৪ |
| ০৩ | হাদল | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | মোঃ আইয়ুব আলী | উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার | ০১৩১৭-৩৯১৮৪৭ |
| ০৪ | ফরিদপুর | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | মোছাঃ আমিনা খাতুন | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১৩১৫-৩৯১৮৪৮ |
| ০৫ | পুঙ্গলী | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | মোসাঃ মেহেরুননেসা | উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার | ০১৩১৫-৩৯১৮৪৫ |

৩.৬ **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি'র) প্রকল্পগুলির সুষ্ঠুভাবে বাস্তবায়ন হয়েছে। উপজেলা প্রকৌশলী আরও জানান প্রতিটি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে এলজিইডি অফিসের জন্য একটি কক্ষ নির্ধারিত হয়েছে। উক্ত কক্ষগুলি তার কার্যালয়ের কর্মচারীদের অনুকূলে বরাদ্দ দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।

৩.৭ **শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.৮ **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.৯ **সমাজ সেবা বিভাগঃ** উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১০ **পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১১ **সহকারি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ) ঃ** ফরিদপুর সাব-জোনাল অফিসের সহকারি জেনারেল ম্যানেজার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। ফরিদপুর উপজেলায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণ করায় সহকারী জেনারেল ম্যানেজারকে সভায় ধন্যবাদ জানানো হয়।

৩.১২ **খাদ্য নিয়ন্ত্রক বিভাগ ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৩ **প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৪ **সমবায় অধিদপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৫ **মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান মা ও শিশু সহায়তা ভাতার অর্থ অনেকের মোবাইলে প্রবেশ করেনাই। যে সকল সুবিধাভোগীর অর্থ মোবাইলে প্রবেশ করেনাই। তাদের তালিকা প্রস্তুতপূর্বক জমা দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

৩.১৬ **আনসার ও ভিডিপি ঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৭ **যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৮ **রিসোর্স সেন্টার ঃ** ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৯ **জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।



CamScanner

৩.২০ পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২১ বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/পানাসি) সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২২ পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৩ আইসিটি বিভাগঃ আইসিটি বিভাগের সহকারি প্রোগ্রামার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৪ আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক ঃ আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক এর উপজেলা সমন্বয়কারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৫ উপজেলা তথ্য সেবা কর্মকর্তাঃ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৬ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড,পাবনা ঃ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিলবকরী, থানাপাড়া ও সোনাহারা গ্রামের বড়াল নদীর ভাঙ্গন রোধ কল্পে মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা-৩ মহোদয়ের ডিও লেটার নিয়ে নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পাবনা বরাবর পত্র লেখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পরামর্শ দেন।

৩.২৭ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) ঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৮ উপজেলা নির্বাচন অফিসার ঃ উপজেলা নির্বাচন অফিসার,ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্বব হলো না।

৩.২৯ বন বিভাগ ঃ ফরেষ্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৪। <u>ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ</u>

(১) চেয়ারম্যান, বিএলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(২) চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান রতনপুর ও দিঘুলিয়া গ্রাম বড়াল নদীর ভাঙ্গণে ভেঙ্গে যাচ্ছে। উক্ত ভাঙ্গন রোধ করতে না পারলে সম্পূর্ণ গ্রাম নদীতে বিলীন হয়ে যাবে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান তার ইউনিয়নের পুংগলী আমিনা নবাবজান দাখিল মাদ্রাসার জায়গা জনৈক ব্যক্তি চাতুরতা করে দলিল করে নিয়ে উক্ত জায়গা দখল করার পায়তারা করছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। চলতি বছর বৃষ্টি না হওয়ার কারণে কৃষকগণ সহজে ইরিধান ঘরে তুলতে পেরেছে। আগামী বছর দিঘুলিয়া, রতনপুর, বিলচান্দক, কেনাই ও পাছপুংগলী গ্রামের ২০ কিঃ মিঃ সাব-মার্সিবল রাস্তা তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র উপসহকারী প্রকৌশলী, বিএডিসিকে অনুরোধ জানান। চেয়ারম্যান, পুংগলী ইউপি আরও জানান রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ওয়াপদা বাঁধ অভিমুখে রাস্তায় উন্নয়ন কাজ হওয়ায় রাস্তা উঁচু হয়েছে। ফলে ইতোপূর্বে স্থাপিত বৈদ্যুতিক লাইন একেবারেই নীচু হয়েগেছে যা জনজীবনের জন্য অত্যন্ত হুমকী হয়ে দাড়িয়েছে।

সিদ্ধান্ত ঃ বিষয় গুলি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বড়াল নদীর ভাঙ্গন রোধকল্পে মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা-৩ মহোদয়ের ডিও লেটার নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ্রামের কৃষকদের ধান সহজে পরিবহনের জন্য দিঘুলিয়া, রতনপুর, বিলচান্দক, কেনাই ও পাছপুংগলী গ্রামে ২০ কিঃ মিঃ সাব-মার্সিবল রাস্তা পরবর্তী বছরে তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিএডিসির সিনিয়র উপসহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং রতনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ওয়াপদা বাঁধ অভিমুখে রাস্তার বৈদ্যুতিক লাইন দ্রুত সময়ের মধ্যে উঁচু করার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি, ফরিদপুর সাব জোনাল অফিস, পাবনাকে অনুরোধ করা হয়।

(৩) চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৪) চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

চলমান পাতা-৫

CamScanner

(৫) চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৬) চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান প্রাক্তন চেয়ারম্যান জনাব মোঃ মাহবুবুর রহমান ২০২০-২০২১ অর্থ বছরে ১,৯৫,২৭৫/- টাকার "ডেমরা হাট-বাজারে মৎস্য শেড নির্মাণ" প্রকল্প গ্রহণ করতঃ ৫০% অর্থ অগ্রিম গ্রহণ করেন। কিন্তু তিনি উক্ত প্রকল্পের কাজ শেষ করেনি এবং চূড়ান্ত বিল গ্রহণ করেনি। বর্ণিত প্রকল্পের অবশিষ্ট অর্থ দ্বারা ডেমরা হাট-বাজারে মৎস্য শেড নির্মাণ/মেরামত করে চূড়ান্ত বিল গ্রহণ করার জন্য সভায় অনুরোধ জানান। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত :** আলোচনান্তে ডেমরা হাট-বাজারে মৎস্য শেড নির্মাণ/মেরামত কাজ সম্পন্ন করে বরাদ্দকৃত অর্থের ৫০% বাবদ ৯৭৬৩৭/- (সাতানব্বই হাজার ছয়শত সাঁইত্রিশ) টাকা উত্তোলনের জন্য সভায় অনুমতি প্রদান করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনাদ্বয়কে অনুরোধ করা হয়।

চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ আরও জানান গত ০৬.৬.২০২৩ খ্রি তারিখে জনাব মোঃ আব্দুর রহমান, পিতা- মোঃ আব্দুর রশিদ, গ্রাম-খাগরিয়া, ডাকঘর- ডেমরা, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা'র বাড়িতে অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধিত হয়েছে। তিনি উক্ত ব্যক্তিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্যের জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত :** বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্ষতিগ্রস্থ ব্যক্তিকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা অনুদান প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৫। <u>মেয়র/ভাইস চেয়ারম্যানদ্বয় :</u>

(১) মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

(২) <u>ভাইস চেয়ারম্যান :</u> উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান বর্ষার শুরুতে জেলেরা বাদাই জাল দিয়ে মাছ ধরে। এই বাদাই জালে মাছের পোনা এমনকি ডিমসহ উঠে আসে। বর্ষা মৌসুম শুরুতে এই বাদাই জাল দিয়ে মাছ ধরা বন্ধ করতে হবে, নইলে অচিরেই মাছের বংশ শেষ হয়ে যাবে। তিনি বাদাই জাল দিয়ে মাছ ধরা বন্ধের নিমিত্ত মোবাইল কোর্ট পরিচালনার জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও বলেন মাননীয় প্রধানমন্ত্রী পরামর্শ অনুযায়ী এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না। সেটা মৎস্য চাষও হতে পারে। তিনি এ উপজেলার বড়পিঠগুলি লীজ দেয়ার সময় যাচাই-বাছাই করে লীজ দেয়ার জন্য পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিকে অনুরোধ জানান।

(৩) <u>মহিলা ভাইস চেয়ারম্যানঃ</u> উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৬। **উপজেলা নির্বাহী অফিসার :**

উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা সভায় জানান মধ্যপুংগলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোন রাস্তা নেই। উক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের চলাচলের নিমিত্ত রাস্তা তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। তিনি আরও জানানগত মে'২০২৩ মাসের সভার পর হতে অদ্য ২৬.৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয়গুলি করা হয়েছে। উক্ত ব্যয়গুলি সভায় অনুমোদনের জন্য অনুরোধ জানান।

(১) উপজেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম হোসেনকে মে'২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।

(২) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নুরুল ইসলামকে মে'২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- ( সাতাশ হাজার) টাকা।

(৩) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান জনাব মোছাঃ নাসরিন পারভীনকে মে'২০২৩ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা।

(৪) উপজেলা পরিষদ মালি জনাব মোঃ গোলজার হোসেনকে মে'২০২৩ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।

(৫) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী জনাব মোঃ আশরাফুল ইসলামকে মে'২০২৩ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।



CamScanner

(৬) উপজেলা পরিষদ কার্যালয়ের ল্যাপটপ ও প্রিন্টার মেরামত ব্যয় বিল পরিশোধ ১৩,৭২০/- (তের হাজার সাতশত বিশ) টাকা।

(৭) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ইউএনও মহোদয়ের বাসভবনের ওয়াশরুমের সংরক্ষণ মেরামত ও বিভিন্ন অফিসের পানির এবং বৈদ্যুতিক লাইন সংস্কার বিল পরিশোধ ১৫,৮৬৪/- (পনের হাজার আটশত চৌষট্টি) টাকা।

(৮) উপজেলা পরিষদ চত্বরের ও আশ-পাশের জঙ্গল/আগাছা পরিষ্কার করণ বিল পরিশোধ ৭,০০০/- (সাত হাজার) টাকা।

(৯) মশা নিধনের ঔষধ ক্রয় বাবদ বিল পরিশোধ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।

(১০) উপজেলা পরিষদ মালি জনাব মোঃ গোলজার হোসেনকে ঈদ-উল-আযহা'২৩ এর উৎসব ভাতা প্রদান ৮,৫২৫/- (আট হাজার পাঁচশত পঁচিশ) টাকা মাত্র।

(১১) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী জনাব মোঃ আশরাফুল ইসলামকে ঈদ-উল-আযহা'২৩ এর উৎসব ভাতা প্রদান ৮,৫২৫/- (আট হাজার পাঁচশত পঁচিশ) টাকা মাত্র।

(১২) উপজেলা পরিষদের ফেব্রুয়ারি'২৩ হতে মে-জুন'২৩ পর্যন্ত সময়ের বিদ্যুৎ বিল পরিশোধ ১,৬৮,৪৯৬/- (একলক্ষ আটষট্টি হাজার চারশত ছিয়ানব্বই) টাকা মাত্র।

(১৩) উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মার্চ-এপ্রিল'২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল পরিশোধ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

(১৪) উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মে-জুন'২৩ মাসের আপ্যায়ন ব্যয় বিল পরিশোধ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।

(১৫) উপজেলা পরিষদ কার্যালয় ও বাসভবনের জানুয়ারি'২৩ হতে জুন'২৩ পর্যন্ত সময়ের ইন্টারনেট ব্যয় বিল পরিশোধ ১২,০০০/- (বার হাজার) টাকা।

(১৬) উপজেলা পরিষদ কার্যালয়ের মার্চ'২৩ হতে জুন'২৩ পর্যন্ত সময়ের আনুষঙ্গিক ব্যয় বিল পরিশোধ ১০,০০০/- (দশ হাজার) টাকা।

(১৭) উপজেলা পরিষদ জীপ গাড়ি নং- পাবনা ঘ ১১-০০৩১ এর এপ্রিল'২৩ হতে জুন'২৩ পর্যন্ত সময়ের জ্বালানী ব্যয় বিল পরিশোধ ৭১,৪০৮/- (একাত্তর হাজার চারশত আট) টাকা।

(১৮) উপজেলা পরিষদ সভা কক্ষের টেবিলের গ্লাস পুনঃ স্থাপন বিল পরিশোধ ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা মাত্র।

(১৯) ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপির বিজ্ঞাপন বিল পরিশোধ (ভ্যাটসহ) ১০,২১২/- (দশ হাজার দুইশত বার) টাকা।

(২০) ২০২২-২০২৩ অর্থ বছরে হাদল ইউনিয়ন পরিষদ ভবন মেরামত/সংস্কার কাজের টেন্ডার বিজ্ঞপ্তির বিল (ভ্যাটসহ) পরিশোধ ৭০৩৮/- (সাত হাজার আটত্রিশ) টাকা মাত্র।

(২১) ২০২২-২০২৩ অর্থ বছরে জীপ গাড়ি মেরামত ব্যয় বিল পরিশোধ ২৩,২৫৫/- (তেইশ হাজার দুইশত পঞ্চান্ন) টাকা মাত্র।

(২২) উপজেলা পরিষদ চত্বরে " বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজের চূড়ান্ত বিল পরিশোধ (ভ্যাট ও আয়করসহ) ৬,৫০,০০০/- (ছয়লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মাত্র।

সিদ্ধান্ত ঃ উপরে বর্ণিত ক্রমিক নং ৬ (১) হতে ৬ (২২) পর্যন্ত ব্যয়গুলি বিধিসম্মত হওয়ায় উক্ত ব্যয়গুলি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা আরও জানান উপজেলা পরিষদ রাজবাড়ি দিঘী ১৪৩০ বাংলা সনের ৩০ আষাঢ় হতে ১৪৩৩ বাংলা সনের ৩০ শে জৈষ্ঠ্য পর্যন্ত ৩ বছর মেয়াদী ইজারা প্রদানের নিমিত্ত ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে জনাব মোঃ আব্দুল মান্নান, পিতা হাজী রোস্তম আলী প্রাং, গ্রাম- বাগরবাড়ীয়া, পোস্ট-বনওয়ারীনগর, উপজেলা- ফরিদপুর, জেলা- পাবনা একটি মাত্র দরপত্র দাখিল করেন। তার দেয় দর ২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকা যা সরকারি সম্ভাব্য মুল্য অপেক্ষা কম। এমতাবস্থায় উক্ত দরে ইজারা দেয়া হবে কিনা সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্টদের মতামত চান। এ বিষয়ে অধিকাংশ সদস্য বলেন রাজবাড়ি দিঘী দীর্ঘদিন সংস্কারের অভাবে কাঁদা মাটি ও আবর্জনা জমে ভরে গেছে। ইজারাদারগণ এই দিঘীতে মৎস্য চাষ করে আশানুরূপ লাভবান হতে পারবেনা। দ্বিতীয় বার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে দাখিলকৃত দরের চেয়ে অধিক দর পাওয়ার সম্ভাবনা নেই মর্মে উপস্থিত সবাই মতামত ব্যক্ত করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

চলমান পাতা-৭

CamScanner

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে দ্বিতীয় বার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে অধিক দর পাওয়ার সম্ভাবনা না থাকায় দাখিলকৃত ২,৫০,০০০/- (দুইলক্ষ পঞ্চাশ হাজার) টাকায় বাজবাড়ি দিঘী ১৪৩০ বাংলা সনের ৩০ আষাঢ় হতে ১৪৩৩ বাংলা সনের ৩০ শে জৈষ্ঠ্য পর্যন্ত ৩ বছর মেয়াদী ইজারা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

৭। <u>বিবিধ</u>

সভাপতি জানান জনাব মোঃ ঝুনু মোল্লা, পিতা- মৃত আয়নুল হক, গ্রাম- আরকান্দি, ডাকঘর- আরকান্দি, উপজেলা- ফরিদপুর, জেলা- পাবনা'র বাড়িতে ২৩.৬.২০২৩ খ্রি তারিখে হঠাৎ অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। সে একজন প্রতিবন্ধি মানুষ। বাড়িঘর, ছাগলসহ আনুষঙ্গিক মালামাল পুড়ে সে একবারে নিঃস্ব হয়ে গেছে। তাকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্যের আবেদন জানান।

এছাড়া জনাব মোঃ কামরুল ইসলাম, পিতা- মৃত হাসান, গ্রাম-পাঁচুরিয়াবাড়ী, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা'র বাড়িতে হঠাৎ অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়েছে। বাড়ি ঘরসহ আনুষঙ্গিক মালামাল পুড়ে উক্ত ব্যক্তি একবারে নিঃস্ব হয়ে গেছে। তাকেও উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে আর্থিক সাহায্যের জন্য আবেদন জানান। বিষয় দু'টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ক্ষতিগ্রস্থ জনাব মোঃ ঝুনু মোল্লা, পিতা- মৃত আয়নুল হক, গ্রাম- আরকান্দি, ফরিদপুর, পাবনাকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং মোঃ কামরুল ইসলাম, পিতা- মৃত হাসান, গ্রাম-পাঁচুরিয়াবাড়ী, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনাকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

26-6-23

(মোঃ গোলাম হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফরিদপুর, পাবনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
<u>ফরিদপুর, পাবনা।</u>

স্মারক নং-০৫.৪৩.৭৬৩৩.০০০.০৬.০০১.২০২৩-৫৮৩(৪৫)    তারিখঃ ২৬.৬.২০২৩ খ্রিঃ।

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-</u>

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা -৩।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৬। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনী, কাকরাইল, ঢাকা-১০০০।
০৭। জেলা প্রশাসক, পাবনা।

<u>অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-</u>

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৯। মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা।
১০। চেয়ারম্যান, ......................................ইউপি (সকল), ফরিদপুর, পাবনা।
১১। প্রাক্তন কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ফরিদপুর উপজেলা কমান্ড, পাবনা।
১২। উপজেলা..........................................কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।

(মোছাঃ শিরিন সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর, পাবনা।
মোবাইল নং- ০১৭৬২-৬২১০০৩

<u>পরিশিষ্ট "ক"</u>

<u>উপস্থিত বিভাগীয় প্রধানগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ</u>

০১ উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর,পাবনা।
০২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৩ উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৪ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৫ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,ফরিদপুর,পাবনা।
০৬ উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনা।
০৭ উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
০৮ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
০৯ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১০ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর,পাবনা।
১১ সহকারি জেনারেল ম্যানেজার,পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফরিদপুর, পাবনা।
১২ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৩ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৪ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৫ উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর,পাবনা।
১৬ উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), ফরিদপুর, পাবনা।
১৭ সিনিয়র উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), ফরিদপুর, পাবনা।
১৮ সহকারি প্রোগ্রামার (আইসিটি), ফরিদপুর, পাবনা।
১৯ উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ী একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক।
২০ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
২১ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
২২ ফরেষ্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা।

<u>অনুপস্থিত বিভাগীয় প্রধানগণ ঃ</u>

০১ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০২ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, পাবনা
০৩ উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৪ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৫ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফরিদপুর, পাবনা।
০৬ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৭ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ)
০৮ উপজেলা নির্বাচন অফিসার, ফরিদপুর, পাবনা।

CS CamScanner